

জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট উদ্ভাবিত ধান বিআর১২ বোরো এবং আউশ মৌসুমে চাষাবাদের জন্য ১৯৮৩ সালে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে। এ ধানের জনপ্রিয় নাম ময়না।



জাতের বৈশিষ্ট্য

- ▶ পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১০৫ সেমি।
- ▶ চাল মাঝারি মোটা, সাদা।

বিআর১২

জীবনকাল

এ জাতের জীবনকাল বোরো মৌসুমে ১৭০ দিন এবং আউশ মৌসুমে ১৩০ দিন।

ফলন

বোরো মৌসুমে ফলন হেস্টের প্রতি ৫.৫ টন এবং আউশ মৌসুমে হেস্টের প্রতি ৪.৫ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ ব্যবহার : বোরো মৌসুমে ১৫-৩০ কার্তিক তারিখ (৩০ অক্টোবর-১৪ নভেম্বর) এবং আউশ মৌসুমে ১৫-৩০ চৈত্র (২৯ মার্চ-০৩ এপ্রিল)।

২. রোপণের সময় : বোরো মৌসুমে ১-১৫ পৌষ

৩. চারার বয়স : বোরো মৌসুমে ৪৫-৫০ দিন এবং আউশ মৌসুমে ২০-৩০ দিন

৪. চারার সংখ্যা : প্রতি গুছিতে ৩টি

৫. রোপন দূরত্ব : বোরো মৌসুমে 25×15 সেমি এবং আউশ মৌসুমে 20×15 সেমি

৬. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৬.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা (বোরো মৌসুমে)

৪০	১৩	২২	১৫	১.৫
----	----	----	----	-----

৬.২ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা (আউশ মৌসুমে)

১৮	৭	১১	০	০
----	---	----	---	---

৬.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপণের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।



এলসিসির মাধ্যমে ইউরিয়ার
চাহিদা নির্ধারণ

৬.৪ ইউরিয়া প্রয়োগের সার্থক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।

৭. আগাছা দমন : রোপণের ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৮. সেচ ব্যবস্থাপনা : ধানের থোর অবস্থা থেকে দানা দুধ অবস্থায় জমিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে।

৯. রোগ বালাই ও পোকামাকড় দমন : রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

১০. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো বোরো মৌসুমের ক্ষেত্রে ৫-২০ বৈশাখ (১৮ এপ্রিল-০৩ মে) এবং আউশ মৌসুমের ক্ষেত্রে ২০ শ্রাবণ-৫ ভদ্র (০৪ আগস্ট-২০ আগস্ট)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), বি.গ্র. গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@brri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২

ফ্যাক্ট শীট